যুগান্তর

তারিখ ...30 JUL 2015...
পৃষ্ঠা ...১৮... কলাম ...২...

# পূর্বধলায় ২২ বিদ্যালয় ভবন ঝুঁকিপূর্ণ

পূর্বধলা (নেত্রকোনা) প্রতিনিধি

নেত্রকোনার পূর্বধলা উপজেলায় ২২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন চরম ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করেছে উপজেলা প্রাথমিক শিক্ষা কার্যালয়। এর মধ্যে ৩টি বিদ্যালয়ের ভবন পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে। সম্প্রতি দু'দফা ভূমিকম্পে বিদ্যালয়ের ভবনগুলোর অনেক স্থানে নতুন করে ফাটল দেখা দিয়েছে। এসব বিদ্যালয়ের শিক্ষার্থীরা চরম আতঙ্কের মাঝে ক্লাস করছে। তাও আবার ক্লাস নেয়া হচ্ছে কখনও খোলা মাঠে কখনও বারান্দায়। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, উপজেলায় ১৭৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয় আছে— যার প্রায় সবগুলোর ভবনই পাকা। বিদ্যালয়গুলো থেকে উপজেলা প্রাথমিক শিক্ষা কার্যালয়ে জমা দেয়া প্রতি মাসের প্রতিবেদনে এক বছর আগেই বিদ্যালয়ের ভবন ঝুঁকিপূর্ণ হিসেবে উল্লেখ করা হয়। তাছাড়া ঝুঁকিপূর্ণ ভবনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় থেকে একটি পরিপত্র পাঠানো হয়েছে। এর পরিপ্রেক্ষিতে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী বিদ্যালয়গুলো পরিদর্শন করে ২২টি বিদ্যালয় ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করেছেন। ঝুঁকিপূর্ণ বিদ্যালয়গুলো হল— পূর্বধলা মডেল, বিলকাউসী, প্রতাপপুর, ইচুলিয়া, বুধি, নাগাইন, গোহালাকান্দা, লাঙলজোড়া, তারাকান্দা, কৃষ্টপুর তারাকান্দা, লাটুনিয়া, নিজ হোগলা, বোয়ালিয়াকান্দা, দাপুনিয়া, দেবকান্দা, খাচরাইল, ইসবপুর, সরিস্তলা, ধোবারুহি, ইয়ারন ও পূর্ব ভিকুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়। ঝুঁকিপূর্ণ বিদ্যালয়গুলোর প্রধান শিক্ষকরা যুগান্তরকে বলেন, বিদ্যালয়ের ভবন ঝুঁকিপূর্ণ হওয়ায় চলতি শিক্ষা বর্ষে অনেক অভিভাবক তাদের ছেলেমেয়েদের বিদ্যালয়ে দিতে চাননি। তাদের বুঝিয়ে শিক্ষার্থীদের রাখা হয়েছে। অনেক বিদ্যালয়ে খোলা মাঠে কিংবা ঘরের বারান্দায় ক্লাস নিতে হচ্ছে। বৃষ্টির সময় তাও সম্ভব হয় না।